গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।
www.shailkupa.jhenaidah.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪৮০.০০০.৩৩.০৫৪.২৫-১৫ তারিখঃ ০১-০১-২০২৬ খ্রি.।

# সরকারী জলমহাল/পুকুর ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকের পরিপত্রের প্রজ্ঞাপন মূলে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকগণকে জানানো যাচ্ছে যে, ছকে বর্ণিত ঝিনাইদহ জেলাধীন শৈলকুপা উপজেলার ২০ একরের নিম্ন আয়তন বিশিষ্ট ইজারাযোগ্য ০২ (দুই) টি বদ্ধ শ্রেণির জলমহাল/পুকুর বাংলা ১৪৩৩ সন হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সাধারণ আবেদনে ইজারা প্রদান করা হবে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা গ্রহণের নিমিত্ত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে দরপত্র দাখিলের আহ্বান করা যাচ্ছে।

**ছক**

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন | জলমহালের নাম | মৌজা, আয়তন ও তফসিল | বাৎসরিক ইজারা মূল্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) | অনলাইনে ইজারার আবেদন দাখিলের সময় | আবেদনপত্র (সিলগালাকৃত খামে) দাখিলের সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | শৈলকুপা | নিত্যানন্দপুর | মিলন সরোবর | ১৫২ নং অর্জুনা বরইচারা,<br>৫.৫৭ একর,<br>আর.এস খং- ০১<br>দাগ নং- জমি<br>৩৪৮ – ১.৬৫ একর<br>৩৫৪ – ২.৬২ একর<br>৩৬৯ – ০.৫৫ একর<br>৩৬০ – ০.০৭ একর | ১,০০,৪২৫/- | ১৫/০১/২০২৬ খ্রি. হতে ২৯/০১/২০২৬ খ্রি.। | ০১/০২/২০২৬ খ্রি. হতে ০৩/০২/২০২৬ খ্রি.। | বাৎসরিক ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর যুক্ত হবে। |
| ০২ | শৈলকুপা | উমেদপুর | লক্ষীপুর পুকুর | ১৪৪ নং লক্ষীপুর<br>০.৬৭ একর<br>আর.এস খং- ০১<br>দাগ নং জমি<br>৬৭৯ – ০.৩২ একর<br>৬৮০ – ০.৩৫ একর | ৬,০০৬/- | | | |

## শর্তাবলী

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবেন। কোন সমিতির নিকট সায়রাত মহালের (জলমহাল/পুকুরের) ইজারা মূল্য বকেয়া থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **www.jm.lams.gov.bd** লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা **০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ খ্রি. পর্যন্ত।**

৪। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে আবেদনকারী আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবেন।

৫। অনলাইনে দাখিলকৃত আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি ও জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে **১৮ মাঘ থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফ্রেব্রুয়ারি ২০২৫ খ্রি.** এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৭। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপরে **"জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন"** স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের নিম্নভাগে **জলমহালের নাম, মৎসজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।** আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত অর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যায়নপত্র সযুক্ত করতে হবে।

৮। ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯। ইজারা আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময়ে দরপত্র অহ্বান করা হলেও ইজারার শুরুর তারিখ বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে কার্যকার বলে গণ্য হবে।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ১ম বছরের সম্পূর্ণ টাকা নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১১। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎসজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১২। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা। সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংকে ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১৩। ভুল/অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **www.jm.lams.gov.bd** সাইট থেকে জানা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহলের নিকটবর্তী/তীরবর্তী মৎসজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ দাখিলকৃত যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ

০১/০১/২০২৬

(মোঃমাহফুজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ
ফোনঃ ০১৭৯৬-১১০১৩০

স্মারক নং- ০৫.৪৪.৪৪৮০.০০০.৩৩.০৫৪.২৫-১৫/১(১৩) তারিখঃ ০১-০১-২০২৬ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

০১। উপজেলা কৃষি কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০২। উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা সমবায় কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। অফিসার-ইন-চার্জ, শৈলকুপা থানা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
০৮। শ্রী রবি বিশ্বাস, সাং- নিত্যানন্দপুর, শৈলকুপা, ঝিনাইদহ।
০৯। শ্রী সুজন বিশ্বাস, সাং- নিত্যানন্দপুর, শৈলকুপা, ঝিনাইদহ।
১০। জনাব মোহাঃ আব্দুল মজিদ, সাং- শিক্ষকপাড়া, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। জনাব খন্দকার কামরুজ্জামান, সাং- হাবিবপুর, শৈলকুপা, ঝিনাইদহ।
১২। জনাব সেতারা আফরোজ, সাং- শৈলকুপা, ঝিনাইদহ।
১৩। অফিস নথি।

০১/০১/২০২৬

(দেবাশীষ অধিকারী)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ
ফোনঃ ০১৩২৪-১৬৪৮১৭